


মাঠ পর্যায়ের কার্যক্রম এর ই-মনিটরিং ছক এর রিপোর্ট

ই- মনিটরিং এর তারিখ	:	২৬/০১/২০২৩ খ্রি.
ই-মনিটরিং এ অংশগ্রহণকারী কর্মকর্তার নাম ও পদবী	:	যুগ্মসচিব (বাজেট ও অডিট) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
ই-মনিটরিং এ অংশগ্রহণকৃত অফিস/ প্রকল্প/ কর্মসূচি/ কার্যক্রম	:	“নারীর আত্ম-কর্মসংস্থানের লক্ষ্যে বসতবাড়িতে কৃষি ভিত্তিক প্রশিক্ষণ” শীর্ষক কর্মসূচি
মনিটরিং এ অংশগ্রহণকৃত অফিস/প্রকল্প/কর্মসূচি/কার্যক্রম এর দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার নাম ও পদবী	:	শাকিল মাহমুদ কো-অর্ডিনেটর, সুইটি খাতুন, আফহার উদ্দীন এবং মোর্শেদুল আলম চৌধুরী প্রশিক্ষক
ই-মনিটরিং এ পরিদর্শনকৃত/পরিলক্ষিত বিষয়সমূহ	:	বসতবাড়িতে কৃষিভিত্তিক প্রশিক্ষণ কার্যক্রমের সমাপনী ক্লাস ও সম্মানী ভাতা বিতরণ

অদ্য ২৬/০১/২০২৩ তারিখ বেলা ১.৩০ ঘটিকায় নাটোর জেলার সদর উপজেলায় দিঘপতিয়া ইউনিয়ন, বাকশোর গ্রামের ৬০ নং বাকশোর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত প্রশিক্ষণ কার্যক্রমের সমাপনী ক্লাস ও সম্মানী ভাতা বিতরণ ই-মনিটরিং করি। ই-মনিটরিং এর সময় মোট ৪টি ব্যাচে ৭০ জন প্রশিক্ষণার্থী ও জন প্রশিক্ষক ১ জন কো-অর্ডিনেটর এবং বাস্তবায়নকারী সংস্থার প্রতিনিধিসহ মোট ৭৪ জন উপস্থিত ছিলেন। এছাড়া নাটোর জেলার উপপরিচালক মিজ শারমিন শাপলা এবং সদর উপজেলা নির্বাহী অফিসার মিজ সারমিনা সাতার উপস্থিত ছিলেন। প্রশিক্ষণার্থীদের সহিত কথা বলে জানা যায় যে, বসতবাড়িতে কৃষিভিত্তিক প্রশিক্ষণ যথাযথভাবে প্রদান করা হয়েছে।

সুপারিশ মন্তব্য:

- ১। সঠিকভাবে প্রশিক্ষণ প্রদানের সুপারিশ করা হয়;
- ২। হাজিরা খাতা সংরক্ষণের সুপারিশ করা হয়;
- ৩। প্রশিক্ষণার্থীদের নাস্তা যথাযথভাবে বিতরণ করার সুপারিশ করা হয়;
- ৪। প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণভাতা যথাযথভাবে প্রদানের সুপারিশ করা হয়;
- ৫। জাতীয় পরিচয়পত্র ও মোবাইল নম্বর সম্বলিত ডাটাবেইজ করার সুপারিশ করা হয়; এবং
- ৬। আর্থিক বিধিবিধান অনুসরণপূর্বক কর্মসূচির অনুকূলে বরাদ্দকৃত অর্থ ব্যয় করার জন্য কর্মসূচি পরিচালক ও বাস্তবায়নকারী সংস্থাকে অনুরোধ করা হয়।


২৬/০১/২৩
মোসাঃ ফেরদৌসী বেগম
যুগ্মসচিব
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার